রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, আগস্ট ২৭, ২০০৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

ঢাকা, ২৪ আগস্ট ২০০৯/০৯ ভাদ্র ১৪১৬

নং মপবি/কঃবিঃশাঃ/মসক-৪/২০০৯/১৮২—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার বুড়িগঙ্গাসহ শীতলক্ষ্যা, বালু, তুরাগ ও দেশের গুরুত্বপূর্ণ অন্যান্য নদ-নদীর নাব্যতা এবং নদীর স্বাভাবিক গতি-প্রবাহ অব্যাহত রাখার লক্ষ্যে নদীর উভয় তীরসহ নদীর অভ্যন্তরে অবৈধ দখলসহ অবৈধ স্থাপনাসমূহ উচ্ছেদ, পরিবেশ সংরক্ষণ ও নদীর সংস্কার করার লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের বিষয়ে সুপারিশ প্রণয়নের জন্য ইতোপূর্বে গঠিত 'টাস্কফোর্স' এবং 'টাস্কফোর্স বাস্তবায়ন কমিটি' একীভূত করে নিম্নরূপ একটি টাস্কফোর্স গঠন করেছে ঃ—

(ক) টাস্কফোর্সের নাম ঃ 'দেশের গুরুত্বপূর্ণ নদ-নদীর নাব্যতা এবং নদীর স্বাভাবিক গতিপ্রবাহ অব্যাহত রাখার লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের বিষয়ে পরামর্শ প্রদান, সুপারিশ প্রণয়ন এবং বাস্তবায়নের জন্য টাস্কফোর্স'।

(খ) টাস্কফোর্সের গঠন ঃ

| | | |
|---|---|---|
| (১) | মন্ত্রী, নৌ-পরিবহণ মন্ত্রণালয় | সভাপতি |
| (২) | মন্ত্রী, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় | সদস্য |
| (৩) | মন্ত্রী, ভূমি মন্ত্রণালয় | সদস্য |


মূল্য ঃ টাকা ২.০০

| | | |
|---|---|---|
| (৪) | মন্ত্রী, পানি সম্পদ মন্ত্রণালয় | সদস্য |
| (৫) | প্রতিমন্ত্রী, পরিবেশ ও বন মন্ত্রণালয় | সদস্য |
| (৬) | প্রতিমন্ত্রী, গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয় | সদস্য |
| (৭) | সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের মেয়র | সদস্য |
| (৮) | সংশ্লিষ্ট স্থানীয় সংসদ সদস্য | সদস্য |
| (৯) | এটর্নী জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট | সদস্য |
| (১০) | সচিব, পানি সম্পদ মন্ত্রণালয় | সদস্য |
| (১১) | সচিব, ভূমি মন্ত্রণালয় | সদস্য |
| (১২) | সচিব, পরিবেশ ও বন মন্ত্রণালয় | সদস্য |
| (১৩) | সচিব, নৌ-পরিবহণ মন্ত্রণালয় | সদস্য |
| (১৪) | সচিব, গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয় | সদস্য |
| (১৫) | সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় | সদস্য |
| (১৬) | চেয়ারম্যান, বিআইডব্লিউটিএ | সদস্য |
| (১৭) | মহাপরিচালক, পানি উন্নয়ন বোর্ড | সদস্য |
| (১৮) | প্রতিনিধি স্বরাষ্ট্র মন্ত্রণালয়<br>(যুগ্ম-সচিব পদমর্যাদার নিচে নয়) | সদস্য |
| (১৯) | ডঃ আইনুন নিশাত<br>কান্ট্রি রিপ্রেজেনটেটিভ<br>আইইউসিএন, বাড়ী-১১, রোড-১৩৮, গুলশান, ঢাকা। | সদস্য |
| (২০) | জনাব ইকবাল সোবহান চৌধুরী<br>সম্পাদক, দি বাংলাদেশ অবজারভার<br>অবজারভার হাউজ, ৩৩, টয়েনবি সার্কুলার রোড<br>মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০। | সদস্য |
| (২১) | জনাব রাহাত খান<br>সম্পাদক, দৈনিক ইত্তেফাক<br>১, আর কে মিশন রোড, ঢাকা-১২০৩। | সদস্য |
| (২২) | জনাব মাহফুজ আনাম<br>সম্পাদক এবং প্রকাশক, দি ডেইলি স্টার<br>১৯, কারওয়ান বাজার, ঢাকা-১২১৫। | সদস্য |
| (২৩) | জনাব আবু নাসের খান<br>চেয়ারম্যান, পরিবেশ বাঁচাও আন্দোলন<br>৫৮/১, কলাবাগান, ১ম লেইন, ঢাকা। | সদস্য |

(২৪) ডাঃ মোঃ আবদুল মতিন — সদস্য
সাধারণ সম্পাদক, বাংলাদেশ পরিবেশ আন্দোলন
৯/১২, ব্লক-ডি, লালমাটিয়া, ঢাকা-১২০৭।

(২৫) অধ্যাপক ড. নাসরীন আহমাদ — সদস্য
ভূগোল ও পরিবেশ বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়।

(২৬) অধ্যাপক (ডঃ) আনসারুল করিম — সদস্য
পরিবেশ বিজ্ঞানী, কুতুবদিয়া, কক্সবাজার।

(২৭) সংশ্লিষ্ট জেলা প্রশাসক — সদস্য

**(গ) টাস্কফোর্সের কার্যপরিধি ঃ**

(১) বুড়িগঙ্গাসহ শীতলক্ষ্যা, বালু, তুরাগ ও দেশের গুরুত্বপূর্ণ অন্যান্য নদ-নদীর নাব্যতা এবং নদীর স্বাভাবিক গতি প্রবাহ অব্যাহত রাখার লক্ষ্যে নদীর উভয় তীরসহ নদীর অভ্যন্তরে অবৈধ দখলসহ অবৈধ স্থাপনাসমূহ উচ্ছেদ করার লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের বিষয়ে সুপারিশ প্রণয়ন ও বাস্তবায়নের জন্য নির্দেশনা প্রদান;

(২) পরিবেশ সংরক্ষণ ও নদী সংস্কারের লক্ষ্যে সুপারিশ প্রণয়ন ও বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় নির্দেশনা প্রদান।

২। টাস্কফোর্স প্রয়োজনবোধে কোন বিশেষজ্ঞ/কর্মকর্তাকে সদস্য হিসেবে কো-অপ্ট করতে পারবে।

৩। নৌ-পরিবহণ মন্ত্রণালয় টাস্কফোর্সকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

৪। মন্ত্রিপরিষদ বিভাগের ১০-২-২০০৮ তারিখের মপবি/কঃবিঃশাঃ/কপগ-১৫/২০০৭/২৯ প্রজ্ঞাপনমূলে গঠিত 'টাস্কফোর্স' এবং ১০-০২-২০০৮ তারিখের মপবি/কঃবিঃশাঃ/কপগ-১৫/২০০৭/৩০ প্রজ্ঞাপনমূলে গঠিত 'টাস্কফোর্স বাস্তবায়ন কমিটি' বাতিল বলে গণ্য হবে।

৫। ইহা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মতিয়ার রহমান**
যুগ্ম-সচিব (কমিটি ও উন্নয়ন)।

মোঃ মাছুম খান (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ মজিবুর রহমান (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। www.bgpress.gov.bd